



শপথে যোগ দিতে সংসদ ভবনে নবনির্বাচিত এমপিদের আগমন



সংগৃহীত ছবি

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে জয়ী প্রতিনিধিরা আজ শপথ নিচ্ছেন। সকাল ১০টায় জাতীয় সংসদ সচিবালয়ের নির্ধারিত কক্ষে প্রধান নির্বাচন কমিশনার এএমএম নাসির উদ্দিন তাদের শপথবাক্য পাঠ করাবেন। অনুষ্ঠানে অংশ নিতে ভোর থেকেই সংসদ ভবন এলাকায় নতুন সদস্যদের আগমন শুরু হয়। সকালের দিকে এলাকা ঘুরে দেখা যায়, শপথ অনুষ্ঠানকে কেন্দ্র করে নেওয়া হয়েছে কড়াকড়ি নিরাপত্তা ব্যবস্থা। আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা সতর্ক অবস্থানে রয়েছেন। ভবনের বাইরে বিভিন্ন দলের নেতাকর্মী ও সাধারণ মানুষের উপস্থিতি চোখে পড়ে। তারা নির্বাচিত প্রতিনিধিদের শুভেচ্ছা জানাতে সেখানে জড়ো হন। নবনির্বাচিত এমপিরা বলেন, এবারের সংসদ জনগণের প্রত্যাশার প্রতিফলন। ভোটের মাধ্যমে মানুষের মতামত প্রতিষ্ঠিত হয়েছে বলে তারা মনে করেন। ঐক্যবদ্ধভাবে দেশ গঠনে কাজ করার অঙ্গীকারও ব্যক্ত করেন তারা। পুরো এলাকায় উৎসবের আবহ বিরাজ করছে। জানা গেছে, শপথ অনুষ্ঠান কয়েকটি ধাপে অনুষ্ঠিত হবে। দলভিত্তিক ও স্বতন্ত্র সদস্যদের আলাদাভাবে শপথ পড়ানো হবে, পরে তারা শপথ বইয়ে স্বাক্ষর করবেন। অনুষ্ঠানটি কেবল সদস্যদের মধ্যেই সীমাবদ্ধ থাকবে। বিকেলে একই স্থানে নতুন মন্ত্রিসভার শপথ গ্রহণ অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে।